দৈনিক ইনকিলাব

তারিখ 09 SEP 2007
পৃষ্ঠা ৬ কলাম ৭



কলকাতায় মাদ্রাসা পর্ষদের কৃতী ছাত্রছাত্রী সংবর্ধনা অনুষ্ঠানে মমতা

# মুসলিম ভার্সিটি ও মাদ্রাসা সার্ভিস কমিশন চাই

**ঃকলিকাতা থেকে কালীপদ দাস ঃ** আমি অটল জিকে শ্রদ্ধা করতাম। রাজ্যে সিপিএমকে ঠেকাতে এনডি-এর সঙ্গী হয়েছিলাম। তবে এখন আমরা কারও সঙ্গে নেই। এখন আমরা নিজেদের পায়ে দাঁড়াবার চেষ্টা করছি। গত বৃহস্পতিবার মাদ্রাসা পর্ষদের এক অনুষ্ঠানে সাংসদ তথা তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের এই বিস্ফোরক ঘোষণায় দেশের রাজনৈতিক মহলে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। শুক্রবারের প্রথম শ্রেণীর প্রায় সমস্ত কাগজের শীর্ষ সংবাদ হয়েছে মমতার ওই ঘোষণা। বৃহস্পতিবার মুসলমান ছাত্র শ্রোতা-অতিথিদের ভিড়ে ঠাসা মহাজাতি সদনের হলে মমতা সেন মুসলমানদের মন জয় করতে রীতিমতো প্রস্তুতি নিয়েই এসেছিলেন। 'সব মুসলমান সমাজ বিরোধী নয়'। হিন্দু কৃতী ছাত্রছাত্রীদের মতো মুসলমান ছাত্রছাত্রীদের 'সরকারী সংবর্ধনা চাই'। মুসলিম ইউনিভার্সিটি চাই, মাদ্রাসা সার্ভিস কমিশন চাই ইত্যাদি নানা দাবী ও বঞ্চনার অভিযোগ তুলে মুসলিমদের খুশি করার চেষ্টা তিনি করেছেন। অন্যদিকে এনডিএ ছাড়ার ঘোষণাটিও মাদ্রাসা ছাত্র ইউনিয়নের মতো একটি সুবৃহৎ সংগঠনের অনুষ্ঠান মঞ্চের জন্য তুলে রেখেছিলেন। ইউনিয়নের আমন্ত্রণে তিনি ওই প্রথম তাদের সভায় তোলেন। মমতার ওই ঘোষণায় প্রত্যাশিত অবস্থার মতোই কংগ্রেস মহল খুশি। মহাজোটের সম্ভাবনা আরও অনেকটাই বেড়ে গেল। তবে রাজ্য বামফ্রন্ট যে এতে কোণঠাসা হবে তাতে কোনও সন্দেহ নেই।